



## তথ্যপ্রযুক্তির নিরাপত্তার ব্যাপারে সরকার সচেতন

টেক প্রতিদিন ডেস্ক

'সরকার আইসিটি সংক্রান্ত নিরাপত্তার ব্যাপারে খুবই সচেতন। এ ব্যাপারে বিভিন্ন পর্যায়ে পর্যাপ্ত পদক্ষেপ গ্রহণ করে বেশ কিছু সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। কারণ আমরা জানি, ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে ব্যবহৃত তথ্যপ্রযুক্তির নিরাপত্তা নিশ্চিত করা না গেলে 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণ সম্ভব নয়।' শনিবার ব্র্যাক সেন্টারে আয়োজিত 'নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে আইসিটির নিরাপত্তা' বিষয়ক এক সেমিনারে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী হুপতি ইয়াফেস ওসমান এ কথা বলেন। ব্যাংকার্স সিটিও ফোরাম বাংলাদেশ এবং প্রযুক্তিপণ্যের জন্য নিরাপত্তাপণ্য নির্মাতা ক্যাসপারস্কি ল্যাবের যৌথ উদ্যোগে আয়োজিত এ সেমিনারে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান, অ্যাকসেস টু ইনফরমেশন প্রোগ্রামের জাতীয় প্রকল্প পরিচালক মো. নজরুল ইসলাম খান এবং ক্যাসপারস্কি ল্যাবের এশিয়া-প্যাসিফিক অঞ্চলের করপোরেট সেলস পরিচালক সুক লিং গানও উপস্থিত ছিলেন।

ড. আতিউর রহমান বলেন, 'দেশের ব্যাংক খাতের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নিরাপত্তা অত্যন্ত স্পর্শকারণ, বিশেষ করে ডিজিটাল যুগে যখন দেশের প্রায় সব ব্যাংকই এখন ইন্টারনেট বা অনলাইনে সেবা ও তথ্য সরবরাহ, এমনকি লেনদেনও শুরু করে দিয়েছে। সেমিনারটি তাই খুবই সমাপ্যোগী।'

সেমিনারে প্রাতিষ্ঠানিক পর্যায়ে আইসিটির নিরাপত্তা বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সুক লিং গান। বাংলাদেশে ক্যাসপারস্কি ল্যাবের পরিবেশক অফিস এজেন্টের প্রধান নির্বাহী প্রবীর সরকারও একটি প্রবন্ধ উপস্থাপন করেন।

Print

সম্পাদকমণ্ডলীর সভাপতি : মোস্তফা কামাল মহীউদ্দীন, ভারপ্রাপ্ত সম্পাদক : ইমদাদুল হক মিলন, ইন্ট ওয়েবস্ট মডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে মোস্তফা কামাল মহীউদ্দীন কর্তৃক বসুন্ধরা সিটি, ১৩/ক/১ পাছপথ থেকে প্রকাশিত এবং প্রট-সি/৮৩, ব্লক-কে বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্রট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)